গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.dfp.gov.bd

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [১.৩]-এ অনুযায়ী

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাপরিচালক (চলতি দায়িত্ব), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা |
| স্থান | : | সভাকক্ষ (২য় তলা), তথ্য ভবন |
| তারিখ ও সময় | : | ১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি, বেলা ১০:০০ ঘটিকা |

১.০ **সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।**

২.০ সভাপতি আগত সকল কর্মকর্তা-কর্মচারীকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারী কাজে স্বচ্ছতা আনয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন যে, সরকারী কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারনা পরিবর্তন করে জনসেবামুখী করার জন্য জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অতঃপর পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) কে আলোচ্যসূচি মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

৩.০ সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [১.৩]-এ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা নির্দিষ্ট সময়ে আয়োজনের নির্দেশনা রয়েছে। সে প্রক্ষিতে নির্দেশনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

৪.০ অংশীজন সভায় উপস্থিত গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা অত্যন্ত জরুরি। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার অনুশীলনও জরুরি। কিন্তু কাজের প্রতি সকলের সমান আন্তরিকতা ও নিষ্ঠা না থাকায় লক্ষ্যমাত্রা অর্জনে অনেক সময় চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। তাই সরকারি অফিসে সুশাসন প্রতিষ্ঠায় সকলকে সমান আন্তরিকতা নিয়ে কাজ করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে মহিলা সমাবেশ/উঠান বৈঠক এবং চলচ্চিত্র প্রদর্শনের মাধ্যমে গণযোগাযোগ অধিদপ্তর জনগনের মাঠ পর্যায়ে প্রচার কার্যক্রম সম্পন্ন করে থাকে। গনযোগাযোগ অধিদপ্তর এমন একটি অফিস যেখানে সরকারি কর্মকর্তা/কর্মচারিগণ সাধারণ জনগনের কাছাকাছি গিয়ে সেবা দিতে সক্ষম। তিনি আরও বলে, ডিএফপি কর্তৃক প্রকাশিত মাসিক নবারুণ ও সচিত্র বাংলাদেশ গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে জেলা তথ্য অফিসে বিতরণ করা হয়ে থাকে। এ ছাড়াও ডিএফপি নির্মিত চলচ্চিত্র ও বিভিন্ন প্রচার উপকরণ তৃনমূল পর্যায়ে জনগণকে উদ্ধুদ্ধ করতে বিশেষ ভূমিকা পালন করছে।

৫.০ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধি স্টোর অফিসার সভাকে জানান, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সুশাসন প্রতিষ্ঠা করা লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তিনি বলেন ডিএফপি কর্তৃক প্রকাশিত সচিত্র বাংলাদেশ, মাসিক নবারুণ, সংবাদচিত্র সংখ্যাগুলো আরও বাড়াতে হবে এবং ফিল্ম আর্কাইভে নিয়মিত সংরক্ষনসহ এগুলো পাঠানোর ব্যাপারে আরও সচেষ্ট হতে হবে । সিটিজেন চার্টারে বর্ণিত সুশাসন প্রতিষ্ঠার বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র ও সংবাদচিত্র সংরক্ষণ করে থাকে। তিনি আরও বলেন সমৃদ্ধশীল সোনার বাংলা গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। এ জন্য সংশ্লিষ্ট সকলকে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় উল্লেখিত সময় সীমার মধ্যে তার কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ জানান।

৬.০ তথ্য অধিদফতরের প্রতিনিধি সিনিয়র তথ্য অফিসার সভাকে জানান, গণমাধ্যমের সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনের জন্য পিআইডি অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করে। মিডিয়াভুক্ত পত্রিকার তালিকা নিয়মিত করার প্রতি গুরুত্ব দেন। সুশাসন প্রতিষ্ঠার জন্য তথ্য অধিদফতর বিভিন্নভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় বিভিন্ন কার্য সম্পাদনের সময়সীমা নির্ধারিত আছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব বন্টনের বিষয়টিও সেখানে উল্লেখ রয়েছে বিধায় নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট সকলকে তার নিজ নিজ দায়িত্ব পালন করা জরুরী। অন্যথায়, শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হবে। সরকারি প্রতিষ্ঠানগুলি কীভাবে একটি পছন্দনীয় উপায়ে সরকারী কর্মকাণ্ড পরিচালনা করা যায় তা বাস্তবায়নের এ অধিদফতর কাজ করে যাচ্ছে। সেবাগ্রহিতাগণ যাতে তথ্য চেয়ে সঠিক সময়ে তথ্য পায় সে বিষয়ে খেয়াল রাখতে হবে। তিনি আরও বলেন অ্যাক্রেডিটেশন কার্ড প্রদান ও অনলাইন পোর্টাল রেজিস্ট্রেশন সেবা চলমান রয়েছে।

৭.০ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) জানান সুশাসন প্রতিষ্ঠার জন্য এ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের সময়ে সময়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেওয়া হয়। সেবা গ্রহীতাদের সর্ব্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার জন্য প্রতিটি শাখার কার্যক্রমকে আরও গতিশীল করার কাজ অব্যাহত রয়েছে বলে জানান।

৮.০ **বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

৮.১ মন্ত্রিপরিষদের নির্দেশনা অনুযায়ী এ অধিদপ্তরের সকল সেবা বক্স সময়ে সময়ে হালনাগাদের সিদ্ধান্ত হয়;
৮.২ সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কার্যকর ভূমিকা পালনের জন্য আরো গুরুত্ব প্রদানের সিদ্ধান্ত হয়;
৮.৩ শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে লক্ষ্যমাত্রায় উল্লিখিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত হয়;
৮.৩ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;

৯.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.০২.২০২২

স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : ৮৩৩১০৩৪

নং-নং-১৫.৫৭.০০০০.০০১.০৬.০০১.২১.৮০০

তারিখ: ২৭ মাঘ ~~ফাল্গুন~~, ১৪২৮
১০ ফেব্রুয়ারি, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
০৬ পরিচালক/সিনিয়র সম্পাদক/উপপরিচালক/সম্পাদক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
০৭। সহকারী পরিচালক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। অফিস কপি
১০। ওয়েবসাইট।

10/02/2022

সেলিনা আকতার
উপপরিচালক (প্রশাসন)।